ISO 9001, ISO 14001 &
OHSAS 18001 Certified

সভাপতি, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

# সূচিপত্র

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

সেকশন-২ : রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

# রংপুর পবিস-১ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Rangpur PBS-1)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :**

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

রংপুর জেলার মিঠাপুকুর, পীরগঞ্জ ও পীরগাছা উপজেলা এবং গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ ও সাদুল্লাপুর উপজেলার সমন্বয়ে ১৮৪৬.৯৪ বর্গ কিঃমিঃ এলাকা নিয়ে রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌছে দেওয়ার লক্ষ্যে রংপুর পবিস-১ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে এপ্রিল'২০১৭ খ্রিঃ ৫১৭৭ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ পূর্বক ২,৬০,০০০জন পরিবারকে বিদ্যুৎ সুবিধা প্রদান করা হয়েছে। বর্তমানে ৭টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র (প্রতিটি ১০ এমভিএ) এর মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। ইতিমধ্যে আরইইউপি (জাইকা) প্রকল্পের মাধ্যমে তিনটি উপকেন্দ্র অগমেন্টেশন করতঃ ইনডোর টাইপ-এ-রূপান্তর করা হয়েছে। ১.৮ প্রকল্পের আওতায় প্রায় ২৫ কিঃমিঃ ৩৩ কেভি লাইন নবায়ন পূর্বক কন্ডাক্টর প্ররিবর্তন এবং ১.৮ প্রকল্পের আওতায় ৩২ কিঃমিঃ নতুন ৩৩ কেভি লাইন নির্মান করে প্রতিটি উপকেন্দ্রের ডুয়েল সোর্স করা হয়েছে। ইহাছাড়াও দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে পরিকল্পনা করতঃ অত্র পবিসের প্রতিটি হাট বাজার যেখানে দীর্ঘ এলটি লাইন ছিল সেগুলো নবায়ন করে এলটি কে এইচটি লাইনে রূপান্তর করে প্রতিটি দোকানে, ঘওে ও বাসা বাড়ীতে স্পট মিটারিং এর মাধ্যমে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে এবং প্রতিটি ওভার লোডেড ট্রান্সফরমার পরিবর্তন করা হয়েছে। ফলে অত্র সমিতিতে কোন উপকেন্দ্র, বিতরণ লাইন বা ট্রান্সফরমার ওভারলোডজনিত সমস্যা না থাকায় চাহিদা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী দ্রুত সংযোগ প্রদান করা সম্ভব হচ্ছে এবং সিস্টেম লস লক্ষ্যমাত্রার মধ্যে আনয়ন সম্ভব হয়েছে। গত অর্থ বছরে বকেয়া মাস ১.৩৪ অর্জন করতঃ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। বর্তমানে জুন'১৭ খ্রিঃ মাসে পীরগঞ্জ উপজেলা এবং ডিসেম্বর'১৮ খ্রিঃ এর মধ্যে অবশিষ্ট ৪টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ ঃ**

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং সেইসাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) দিন দিন ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে অত্র পবিসে পিকলোড প্রায় ৫৫ মেঃওঃ। যে হারে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হচ্ছে সে মোতাবেক শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা হলে অত্র সমিতিতে গ্রাহক সংখ্যা দাড়াবে প্রায় ৫ লক্ষ এবং লোডের চাহিদা প্রায় ৮০ মেঃওয়াটের উপরে হবে। ফলে জাতীয় গ্রীড হতে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। ২০১৮ সালের মধ্যে অবশিষ্ট ৪টি উপজেলায় প্রায় ৩০০০ কিঃমিঃ লাইন নির্মান এবং প্রকল্পে অন্তর্ভূক্ত ৫টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ করতঃ শতভাগ বিদ্যুৎ সংযোগ প্রদান করা অত্র সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। তাছাড়াও অত্র সমিতি ৫১৭৭ কিঃমিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইনে গাছ-গাছালি সমৃদ্ধ গ্রামীন এলাকায় দূর্যোগপূর্ণ অবস্থায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য বড় চ্যালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল অত্র পবিসের পক্ষে পিডিবি, পিজিসিবি'র বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ তার নগদ মূল্যে ক্রয় করাও অত্র সমিতির জন্য একটি বড় সমস্যা।

- **ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

বর্তমান সরকারের **"রূপকল্প-২০২১"** বাস্তবায়নের জন্য ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে রংপুর পবিস-১ এর আওতাধীন মিঠাপুকুর, পীরগঞ্জ, পীরগাছা, সুন্দরগঞ্জ ও সাদুল্লাপুর উপজেলায় ২০১৮ সালের মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে। শতভাগ বিদ্যুতায়ন করার লক্ষ্যে অবশিষ্ট ৪টি উপজেলায় প্রায় ৩০০০ কিঃমিঃ বিতরণ লাইন এবং প্রকল্প (আরআরডিপি-২ ও ১.৫ এমসিসিপি)-এ অন্তর্ভূক্ত ৫টি উপকেন্দ্র ও উপদেষ্টা প্রতিষ্ঠানের ষ্ট্যাডি ও এসইডি পরিদপ্তর, বাপবিবো'র অনুমোদিত অবশিষ্ট ৬টি সহ সর্বমোট ১১টি উপকেন্দ্র নির্মাণের পরিকল্পনা রয়েছে। ইহাছাড়াও ক্রমবর্ধমান গ্রাহকের চাহিদা পূরণ ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে অত্র পবিসের ভৌগলিক এলাকার মিঠাপুকুর উপজেলায় পিজিসিবি কর্তৃক একটি গ্রীড উপকেন্দ্র আগামী ২০১৯ সালের মধ্যে নির্মাণ প্রক্রিয়াধীন রয়েছে। সে আঙ্গিকে অত্র সমিতি কর্তৃক নির্মিত ও নির্মিতব্য প্রতিটি উপকেন্দ্রের জন্য ৩৩ কেভি সোর্স লাইন নির্মাণ করা হচ্ছে। যাতে গ্রীড উপকেন্দ্র নির্মাণ সম্পন্ন হওয়ার সঙ্গে সঙ্গে প্রতিটি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয়। প্রস্তাবিত ও নির্মানাধীন ৩৩/১১ কেভি উপকেন্দ্র, গ্রীড উপকেন্দ্র এবং দীর্ঘদিনের পুরাতন ১১ কেভি বিতরণ লাইন নবায়ন করা হলে অত্র সমিতির সিষ্টেম লস ১০% এর নীচে আনয়ন করা সম্ভব হবে এবং সে লক্ষ্যে কার্যক্রম অব্যাহত আছে। পাশাপাশি বকেয়া মাস ১.০০ অর্জন ও প্রি-পেইড মিটার স্থাপনের পরিকল্পনা রয়েছে।

- **<u>২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ</u>**

০১। অত্র পবিসের আওতাধীন ৩টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।
০২। ৩টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ।
০৩। বকেয়া মাস ১.১৫ অর্জন করা।
০৪। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
০৫। দীর্ঘদিনের পুরাতন ১১ কেভি লাইন নবায়ন করন।

## উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে **রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১** কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের ----------জুন----------মাসের ----------১৫---------- তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

সেকশন ১ ঃ

## রংপুর পবিস-১ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): রংপুর পবিস-১ এর আওতাধীন সকল জনগনকে গুনগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): ডিসেম্বর/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

০১। বিদ্যুৎ বিতরন খাতের উন্নয়ন।
০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।
০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions):

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারনের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরন।
০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরন
০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ব মুক্তকরণ।
০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করন।

সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার,কাযক্রম,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

### রংপুর পবিস-১

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | |
| সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ [redacted] | | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale) | % | ২৮ | ১২.১৭% | ১১.২০% | ১০.৭৫% | | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৪ | ১.৩৪ | ১.৬৭ | ১.১৫ | | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale) | % | ১ | ৯৯.২৪% | ৯১.৬৫% | ৯৯.০০% | | | | | | | |
| | | | 4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale) | % | ১ | ৮৭.১৭% | ৮১.৩৯% | ৮৮.৩৬% | | | | | | | |
| | | | 5. Recovery of amounts written=off | % | ১ | ৫.৮৫% | ০.০০% | ৫.০০% | | | | | | | |
| | | | 6. Payment of debt service liability (Tk' 000) | Tk | ৭ | ৩৬,৯৭৬ | - | ৫০,০০০ | | | | | | | |
| | | | 7. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) | Tk | ২ | ১.৪২ | ১.৫১ | ১.৬৫ | | | | | | | |
| | | | 8. Rev. / KM of Line w/o resale (TK)' 000 | Tk | ১ | ২৫৭ | ১২৭ | ৩০০ | | | | | | | |
| | | | 9.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | % | ১ | ৩০.০০% | ১৯.০০% | ২৫.০০% | | | | | | | |
| | | | 10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৫.৪০% | ২.৩০% | 8.০০% | | | | | | | |
| | | | 11.Percentage of Damaged Transformer repaired | % | ১ | ১৪০% | ৭০% | ১০০% | | | | | | | |
| | | | 12. Ratio of connected consumer (over 90 days) against service in place – (Except irrigation) | % | ২ | ৮.৪৫% | ১৬.৮২% | ৩.০০% | | | | | | | |
| | | | 13. Store Management Performance: | | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS (2016-17) | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | % | ১ | ৮৫% | ৭৫% | ৮০% | | | | | | | |
| | | | 14. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ১০০% | ২৫% | ১০০% | | | | | | | |
| | | | 15.Improvement of Power Factor | | ১ | ০.৯৫ | ০.৯৫ | ০.৯২ | | | | | | | |
| | | | 16. Action on Meter Report | % | ১ | ১০০% | ১০৪০ | ১০০% | | | | | | | |
| | | | 17. Average Training hour per Employee (Hours) | Hour | ২ | ১০৬ | ২৯ | ৭৫ | | | | | | | |
| | | | 18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet) | % | ১ | ১০০% | ১৫৯% | ১০০% | | | | | | | |
| | | | 19. Timeliness to attend Consumer's complain | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | | |
| | | | 20. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ৬৫ | ৭৬ | ১৫০০ | | | | | | | |
| | | | 21. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ০.৬৩ | ১ | ৭৮ | ১.০০ | | | | | | |
| | | | 22.% of overloaded Transformer | % | ২ | ১০০% | ৩% | ১.০০% | | | | | | | |
| | | | 23.% of New Connected Consumers | % | ৩ | ৯৩% | ১৫৪% | ১০০% | | | | | | | |
| | | | 24.Accounts Payable | Month | ১ | | ১.০০ | ১.০০ | | | | | | | |

মোঃ মুকুর রহমান
জেনারেল ম্যানেজার
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুহাঃ নুরুল ইসলাম প্রামানিক
সভাপতি
সমিতি বোর্ড
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুহাম্মদ মতিউর রহমান
পরিচালক (চঃ দাঃ)
পবিস ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর

# মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট নম্বর-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18) অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৭ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ১ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১জানুয়ারি |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | | | | |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |

মোঃ নুরুল রহমান
জেনারেল ম্যানেজার
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুহঃ নুরুল ইসলাম প্রামানিক
সভাপতি
সমিতি বোর্ড
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুহাম্মদ মতিউর রহমান
পরিচালক (চঃ দাঃ)
পবিস ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর

<table>
<tr><th>কলাম-১</th><th>কলাম-২</th><th>কলাম-৩</th><th colspan="2">কলাম-৪</th><th>কলাম-৫</th><th colspan="5">কলাম-৬</th></tr>
<tr><th rowspan="3">কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)</th><th rowspan="3">কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)</th><th rowspan="3">কার্যক্রম (Activities)</th><th rowspan="3">কর্মসম্পাদন সূচক (Performance Indicator)</th><th rowspan="3">একক (Unit)</th><th rowspan="3">কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)</th><th colspan="5">লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18)</th></tr>
<tr><th>অসাধারণ (Excellent)</th><th>অতি উত্তম (Very Good)</th><th>উত্তম (Good)</th><th>চলতি মান (Fair)</th><th>চলতিমানের নিম্নে (Poor)</th></tr>
<tr><th>১০০%</th><th>৯০%</th><th>৮০%</th><th>৭০%</th><th>৬০%</th></tr>
<tr><td rowspan="3">দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন</td><td rowspan="3">৪</td><td>সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন</td><td>প্রশিক্ষণের সময়*</td><td>জনঘন্টা</td><td>২</td><td>৬০</td><td>৫৫</td><td>৫০</td><td>৪৫</td><td>৪০</td></tr>
<tr><td rowspan="2">জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন</td><td>২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত</td><td>তারিখ</td><td>১</td><td>১৬ জুলাই</td><td>৩১ জুলাই</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত</td><td>সংখ্যা</td><td>১</td><td>৪</td><td>৩</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td rowspan="2">তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ</td><td rowspan="2">১</td><td>তথ্য বাতায়ন হালনাগাদকরণ</td><td>তথ্য বাতায়ন হালনাগাদকৃত</td><td>%</td><td>.৫</td><td>৮০</td><td>৭০</td><td>৬০</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত</td><td>স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত</td><td>%</td><td>.৫</td><td>১০০</td><td>৯০</td><td>৮৫</td><td>৮০</td><td>৭৫</td></tr>
<tr><td>আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন</td><td>২</td><td>অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন</td><td>অডিট আপত্তি নিস্পত্তিকৃত</td><td>%</td><td>২</td><td>৫০</td><td>৪৫</td><td>৪০</td><td>৩৫</td><td>৩০</td></tr>
</table>

জেনারেল ম্যানেজার
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

সমিতি বোর্ড
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুহাম্মাদ মতিউর রহমান
পরিচালক (তঃ দাঃ)
পবিস ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর

* ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, সভাপতি, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষী: | স্বাক্ষরিত:

তারিখঃ ১৫/০৬/২০১৭ খ্রিঃ

১৫/৬/২০১৭
..........................................
জেনারেল ম্যানেজার
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

..........................................
সভাপতি
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

১৫/৬/১৭
..........................................
পরিচালক, পবিস ব্যাবস্থাপনা ও পরিচালন
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
পরিচালক (চঃ দাঃ)
পবিস ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর

১৫/৬/১৭
..........................................
সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(হাসিনা বেগম)
উপ-সচিব (বোর্ড)।
ও
সচিব (অঃ দাঃ), বাপাবিবোর্ড